

## আপনাদের নানা প্রশ্ন

প্রশ্ন : UNOকে ?

উত্তর : UNOএরপূর্ণ অর্থ হল উপজেলা নির্বাহী অফিসার। তিনি বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) প্রশাসন ক্যাডারের সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা।

প্রশ্ন : উপজেলা নির্বাহী অফিসার কি কাজ করেন ?

উত্তর : উপজেলা নির্বাহী অফিসার সামগ্রিকভাবে তার উপজেলায় জাতীয় সরকারের প্রতিনিধিত্ব করেন। তিনি সরকারী নির্দেশায় উপজেলার সকল দপ্তরের মাঝে কাজের সমন্বয় করেন। উপজেলা পরিষদকে সাচিবিক সহায়তা প্রদানও তার অন্যতম কাজের অংশ। তিনি তার উপজেলায় সকল প্রকার প্রটোকলের দায়িত্ব পালন করেন। গুরুত্বপূর্ণ সকল জাতীয় দিবসগুলো তার তত্ত্ববধানে পালিত হয়ে থাকে। সরকারের নির্দেশনায় তিনি জাতীয় ও স্থানীয় সরকারের নির্বাচনে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

প্রশ্ন : UNO কোন মন্ত্রনালয়ের অধীন ?

উত্তর : জনপ্রশাসন মন্ত্রনালয় UNOএর পদায়ন ও বদলী নিয়ন্ত্রন করে থাকেন। তিনি সরাসরি জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারের অধীনে কাজ করে থাকেন। তিনি সার্বিক ভাবে সকল মন্ত্রনালয়কে মাঠ পর্যায়ে প্রতিনিধিত্ব করেন।

প্রশ্ন : উপজেলা নির্বাহী অফিসারের কার্যাবলী কি ?

উত্তর : উপজেলা নির্বাহী অফিসারের কার্যাবলী নিম্নে দেওয়া হলোঃ-

- উপজেলা নির্বাহী অফিসার মহোদয় আইনশৃংখলা পরিস্থিতিসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পাশ্চিক ও ত্রৈমাসিক ভিত্তিতে গোপনীয় প্রতিবেদন প্রেরণ করেন।
- শিক্ষ প্রতিষ্ঠান পরিদর্শন, নিয়োগ সংক্রান্ত বিষয়,বিলপ্রাপ্তির এবং কমিটি গঠনবিষয়ক সকল কার্যক্রম করে থাকেন।
- উপজেলা নির্বাহী অফিসার উপজেলার সকল ইউনিয়ন ভূমি অফিস, ইউনিয়ন পরিষদ পরিদর্শন ও মূল্যায়ন করেন।
- ড্রানঅফিস ও ড্রানসংক্রান্ত সকল কার্যক্রম তদারকি করেন।
- উপজেলা নির্বাহী অফিসার হজ্জ্ব, যাকাত, পূজা ও অন্যান্য ধর্মীয় সংক্রান্ত বিষয় তদারকি করেন।
- নিত্য প্রয়োজনীয় দ্রব্য/সামগ্রীর দর নিয়ন্ত্রনে রাখা সংক্রান্ত বিষয়।
- ওয়াক্ফ ও দেবোওর সম্পত্তি সংক্রান্ত ।

- এনজিও সনম্বয়
  - পাবলিক পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়।
  - তথ্য প্রযুক্তি বিষয়ক (আইসিটি) : ইউনিয়ন ডিজিটাল সেন্টার, ওয়েব পোর্টাল, উপজেলা তথ্য প্রযুক্তি বিষয়ক মাসিক সভা, সকল সিডি/ভিডিও, ডিভিডিসংরক্ষণ, ভিডিওকনফারেন্স ও জন্মনিবন্ধন সংক্রান্ত ।
  - বিচার বিষয়ক: ফৌজদারী কার্যবিধির অধীন নির্বাহী ম্যাজিস্ট্রেটের আদালত, মোবাইল কোর্ট সংক্রান্ত যাবতীয় ।
  - ইভটিজিং, নারী নির্যাতন, বাল্য বিবাহ ও যৌতুক প্রতিরোধ, শিশু ও নারী অধিকার বিষয়ক যাবতীয় ।
  - দুর্যোগ বিষয়ক: সিডিএমপি কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প, আশ্রয়ন কেন্দ্র সংক্রান্ত, জরুরী প্রতিবেদন প্রেরন, ফায়ার সার্ভিস সংক্রান্ত
  - ইউনিয়ন পরিষদ মূল্যায়ন
  - উপজেলা কৃষিক্ষেত্র কমিটির সভা সংক্রান্ত ।
  - জাতীয় সংসদ ও স্থানীয় নির্বাচন সংক্রান্ত ।
  - উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের কর্মচারীদের সংস্থাপনিক বিষয়াদি সংক্রান্ত
  - আইন-শৃঙ্খলা বাহিনী সংক্রান্ত ।
  - উপজেলা পরিষদ মাসিকসভা, উন্নয়ন সমন্বয় সভা, স্থায়ী কমিটির সভা সংক্রান্ত ।
  - উপজেলা পরিষদ রাজস্ব তহবিল সংক্রান্ত বিষয়াদি
  - উপজেলা পরিষদের বাজেটসহ অন্যান্য কার্যাদি ।
  - ভূমি ও সায়রাত মহল সংক্রান্ত বিষয়- হাট-বাজার, খেয়াঘাট, বালুমহাল, অন্যান্য ।
  - দরপত্র ও নিলাম সংক্রান্ত ।
  - সকল জাতীয়/আন্তর্জাতিক দিবস ও অনুষ্ঠান উদ্যাপন সংক্রান্ত বিষয়াদি ।
  - ধর্মীয় প্রতিষ্ঠান, দুঃসহ মহিলা, পাঠাগার, সংসদ সদস্য মহোদয়ের অনুদান, ক্লাব-পাঠাগার ও সমিতি সমূহ সহ সকল প্রকার অনুদান বিতরণ।
  - লাইসেন্স সংক্রান্ত যাবতীয় (ইট ভাটা, যাত্রা, নাটক ও অন্যান্যসহ)।
  - মুক্তিযোদ্ধা সংক্রান্ত ।
  - সার্টিফিকেট মোকদ্দমা সংক্রান্ত ।
  - উপজেলা কৃষি ক্ষেত্র কমিটির সভা সংক্রান্ত ।
- প্রশ্নঃ উপজেলা ইউএনও কোন কোন কমিটির সভাপতি ?
- উত্তরঃ উপজেলা নির্বাহী অফিসার নিম্নলিখিত কমিটি সমূহের সভাপতিঃ
- মুক্তিযোদ্ধা বিষয়ককমিটি

- আন্তর্জাতিক নারী দিবস কমিটি
- আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস কমিটি
- যুবউন্নয়ন দিবস কমিটি
- প্রাথমিক শিক্ষা কমিটি
- উপজেলা ক্রীড়া সংস্থা
- আন্তর্জাতিক জনসংখ্যা দিবস কমিটি
- উপজেলা কৃষি ঋণ কমিটি
- গুচ্ছ গ্রাম কমিটি
- বেগম রোকেয়া দিবস কমিটি
- নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
- আইন-শৃংখলা কমিটি
- নাশকতা প্রতিরোধ কমিটি
- ভূমি ব্যবস্থাপনা কমিটি
- জাতীয় মৎস্য সপ্তাহ কমিটি
- আন্তর্জাতিক সমবায় দিবস কমিটি
- উপজেলা আদমশুমারী বাস্তবায়ন কমিটি
- বিনামূল্যে পাঠ্য পুস্তক বিতরণ কমিটি
- এনজিও সমন্বয় কমিটি
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কমিটি
- উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
- যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ কমিটি
- উপজেলা কিশোর-কিশোরী কার্যক্রমকমিটি
- একটি বাড়ি, একটি খামার প্রকল্পকমিটি
- উপজেলা কৃষি খাসজমি বন্দোবস্ত ও ব্যবস্থাপনা কমিটি
- হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি
- উপজেলা খেয়াঘাট ইজারা কমিটি